



জবি/প্রশা/ভর্তি:২০২০-২১/ ০২৩২

তারিখ: ২৭ ফেব্রুয়ারি, ২০২২

### ৯ম মেধা তালিকায় ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির জন্য প্রকাশিত ৯ম মেধা তালিকায় বিষয় বরাদ্দ প্রাপ্ত শিক্ষার্থীরা ২৭/০২/২০২২ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত ভর্তি ফিস জমা দিতে পারবে। ২৮/০২/২০২২ তারিখ বিকাল ০৩:৩০ মিনিট পর্যন্ত ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র/সনদপত্রাদি সংশ্লিষ্ট বিভাগে জমা দেওয়া যাবে।

#### কেন্দ্রীয় ভাবে আদায়যোগ্য ফিস-এর পরিমাণ

অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ	ভর্তি ফিস-এর পরিমাণ
বিজ্ঞান অনুষদ এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য	১২,৪০০/- টাকা (ব্যবহারিক ক্লাসের ফিসসহ)
বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগ সমূহের জন্য	১০,৪০০/- টাকা
কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, আইন অনুষদভুক্ত বিভাগ এবং ইনস্টিটিউটসমূহের জন্য (বিশেষায়িত চারটি বিভাগ ব্যতীত)	১০,৪০০/- টাকা
ফিল্ম এন্ড টেলিভিশন, সংগীত, চারুকলা এবং নাট্যকলা বিভাগ	১২,৪০০/- টাকা (ব্যবহারিক ক্লাসের ফিসসহ)

- ❖ ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীকে Nagad বা Rocket বা Sure Cash মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ভর্তি ফিস জমা দিতে হবে।
- ❖ শিক্ষার্থীকে ভর্তির জন্য মনোনয়ন প্রাপ্ত বিভাগে নিম্নবর্ণিত সনদপত্র ও কাগজপত্রাদি জমা দিতে হবে:
  - (ক) GST গুচ্ছের ভর্তি পরীক্ষার প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র;
  - (খ) অনলাইন হতে প্রিন্টকৃত ভর্তি ফরম ও ৪ (চার) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
  - (গ) SSC/সমমান পরীক্ষার মূলসনদপত্র ও নম্বরপত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি;
  - (ঘ) HSC/সমমান পরীক্ষার মূল সনদপত্র/নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান প্রদত্ত প্রশংসাপত্র এবং প্রতিটির একটি করে সত্যায়িত ফটোকপি।
- ❖ ইনস্টিটিউটের পরিচালক/বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ শিক্ষার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রাদি বিভাগীয় শিক্ষকদের সহযোগিতায় যাচাই-বাছাই পূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ❖ সকল অনুষদ, ইনস্টিটিউট ও বিভাগীয় দপ্তরে শেয়ারকৃত অনলাইন প্যানেলে ভর্তিকৃত/বাতিলকৃত শিক্ষার্থীদের তথ্যাদি যথাসময়ে ও সতর্কতার সাথে ইনপুট দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
- ❖ ভর্তি হওয়া শিক্ষার্থীদের কাগজপত্রাদি যাচাইয়াত্তে (মূলকপি সংরক্ষণ পূর্বক) সংশ্লিষ্ট ইনস্টিটিউটের পরিচালক/বিভাগীয় চেয়ারম্যান নামের তালিকা তৈরি করে অনুষদেরডীন-এর মাধ্যমে রেজিস্ট্রার দপ্তরে প্রেরণ করবেন। রেজিস্ট্রার দপ্তর শিক্ষার্থীদের কাগজপত্রাদি যাচাইয়াত্তে আইডি নম্বর প্রধান পূর্বক নামের তালিকা পরবর্তী কার্যার্থে ইনস্টিটিউট/বিভাগসমূহে প্রেরণ করবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুষদের ডীন, ইনস্টিটিউটের পরিচালক ও বিভাগীয় চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হলো।
- ❖ ভর্তি সংক্রান্ত তথ্য <http://admission.jnu.ac.bd> এবং [www.jnu.ac.bd](http://www.jnu.ac.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,


  
(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)  
রেজিস্ট্রার

জবি/প্রশা/ভর্তি:২০২০-২১/ ০২৩২

তারিখ: ২৭ ফেব্রুয়ারি, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

১. ডীন, সকল অনুষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. পরিচালক, সকল ইনস্টিটিউট, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৩. চেয়ারম্যান, সকল বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৪. পরিচালক (অর্থ ও হিসাব), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (কেন্দ্রীয় ও বিভাগীয় তহবিলে অর্থ প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৫. পরিচালক (আইসিটি সেল), জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (কেন্দ্রীয় এবং বিভাগীয় তহবিলে অর্থ প্রদানের এ্যাডভাইস প্রেরণ ও বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. পরীক্ষা নিয়ন্ত্রক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৭. পরিবহন প্রশাসক, পরিবহন পুল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৮. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. উপ-পরিচালক, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা;
১০. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১. অফিস/ সংরক্ষণ নথি।

  
২৭.০২.২০২২  
(মোঃ আল হেলাল উদ্দিন)  
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)